



তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯

১২ মার্চ ২০২৩

নম্বর ০৫.৪২.১২০০.০১৪.৪১.০০৩.২৩.৪৫৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখ ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলার নাটাই (উত্তর) ইউনিয়ন পরিষদের ০৯ নং এবং নবীনগর উপজেলার শ্রীরামপুর ইউনিয়ন পরিষদের ৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে এবং বিজয়নগর উপজেলার পাহাড়পুর ইউনিয়ন পরিষদের ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১৫ মার্চ ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১৬ মার্চ ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট এলাকায় ট্রাক ও পিকআপ চলাচলের উপর নিষেধাজ্ঞা (প্রযোজ্য ক্ষেত্রে) আরোপ করা হলো।

১. ট্রাক	২. পিকআপ
----------	----------

০২। অনুরূপভাবে ১৪ মার্চ ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১৭ মার্চ ২০২৩ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা (প্রযোজ্য ক্ষেত্রে) আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী, আইন-শৃংখলা বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে (যেমন এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লেখিত) যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। উক্ত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২-৩-২০২৩

মোঃ শাহগীর আলম

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: ০২-৩৩৪৪২৭৭১২

ইমেইল: dcbrahmanbaria@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
- ৫) পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ব্রাহ্মণবাড়িয়া
- ৬) অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) কোম্পানী কমান্ডার, সিপিএসি-১, র্যাব-৯, হবিগঞ্জ, সিলেট
- ৮) অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক), ব্রাহ্মণবাড়িয়া।
- ৯) উপপরিচালক, এন.এস.আই., ব্রাহ্মণবাড়িয়া।
- ১০) জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
- ১১) জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১২) উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর/নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকযোগে বহল প্রচারের অনুরোধসহ)

- ১৩) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
- ১৪) অফিসার ইন-চার্জ, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর/নবীনগর থানা, ব্রাহ্মণবাড়িয়া
- ১৫) উপজেলা নির্বাচন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর/বিজয়নগর/নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া